# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৩৬১

১১. কিতাবুয যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ কোন ব্যক্তি কর্তৃক পুরো সম্পদ দান করে অন্যের বোঝা হয়ে যাওয়ার ব্যাপারে নিষেধাজ্ঞা

ذِكْرُ الزَّجْرِ عَنْ أَنْ يَتَصَدَّقَ الْمَرْءُ بِمَالِهِ كُلِّهِ ثُمَّ يَبْقَى كَلًّا عَلَى غَيْرِهِ

আরবী

3361 ـ أَخْبَرَنَا ابْنُ قُتَيْبَةَ قَالَ: حَدَّثَنَا يَزِيدُ بْنُ مَوْهِبٍ قَالَ: حَدَّثَنَا ابْنُ إِدْرِيسَ عَنْ مُحَمَّدِ بْنِ إِسْحَاقَ عَنْ عَاصِمِ بْنِ عُمَرَ بْنِ قَتَادَةَ بْنِ النُّعْمَانِ الظَّفَرِيِّ عَنْ مَحْمُودِ بْنِ لَبِيدٍ: عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ قَالَ: إِنِّي لَعِنْدَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذْ جَاءَهُ رَجُلٌ بِمِثْلِ الْبَيْضَةِ مِنْ ذَهَبٍ قَدْ أَصَابَهَا مِنْ بَعْضِ الْمَغَازِي فَقَالَ: يارسول اللَّهِ خُذْ هَذِهِ مِنِّي صَدَقَةً فَوَاللَّهِ مَا أَصْبَحَ لِي مَالٌ غَيْرُهَا قَالَ: فَأَعْرَضَ عَنْهُ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ثُمَّ جَاءَهُ مِنْ قِبَلِ وَجْهِهِ فَأَخَذَهَا مِنْهُ فَحَذَفَهُ بِهَا حَذَفَةً لَوْ أَصَابَهُ عَقَرَهُ أَوْ أَوْجَعَهُ ثُمَّ قَالَ: (يَأْتِي أَحَدُكُمْ إِلَى جَمِيعِ مَا يَمْلِكُ فَيُتَصَدَّقُ بِهِ ثُمَّ يَقْعُدُ يَتَكَفَّفُ النَّاسَ إِنَّمَا الصَّدَقَةُ عَنْ ظَهْرِ غِنًى خُذْ عَنَّا مَالَكَ لا حاجة لنا به)

الراوي : جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3361 | خلاصة حكم المحدث: ضعيف ـ ((ضعيف أبي داود)) (298).

বাংলা

৩৩৬১. জাবির বিন আব্দুল্লাহ রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “একবার আমি রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে ছিলাম, এমন সময় এক ব্যক্তি ডিম সদৃশ একটি স্বর্ণের টুকরো নিয়ে আসেন, যা তিনি কোন এক যুদ্ধে গনীমত হিসেবে পেয়েছিলেন। অতঃপর তিনি বলেন, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, এটা আমার কাছ থেকে সাদাকাহ হিসেবে গ্রহণ করুন। আল্লাহর কসম, আজকে আমার কাছে এছাড়া আর কোন মাল নেই।”

রাবী বলেন, “অতঃপর আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তার থেকে মুখ ফিরিয়ে নেন। তারপর সেই ব্যক্তি সামনের দিক থেকে তাঁর কাছে আসেন। অতঃপর তিনি সেটা গ্রহণ করেন। অতঃপর সেটি তার দিকে ছুঁড়ে মারেন, যদি সেটা তাকে লাগতো, তবে সে আঘাতপ্রাপ্ত অথবা আহত হতেন। তারপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “তোমাদের কেউ কেউ সাদাকাহ করার জন্য তার মালিকানাভুক্ত সব সম্পদ নিয়ে আসে। তারপর সে (নিঃস্ব হয়ে) বসে পড়ে মানুষের কাছে সাহায্য প্রার্থনা করে। বস্তুত সাদাকাহ করতে হয় স্বাবলম্বী অবস্থায়। তুমি আমাদের থেকে এটি নিয়ে নাও। আমাদের এর কোন প্রয়োজন নেই।”[1]

## ফুটনোট

[1] আবূ দাঊদ: ১৬৭৪; সহীহ ইবনু খুযাইমাহ: ২৪৪১; দারেমী: ১/৩৯১; আবূ ইয়ালা: ২০৮৪; হাকিম: ১/৪১৩; সুনান বাইহাকী: ৪/১৮১।

হাদীসটির ব্যাপারে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ স্পষ্ট কোন মন্তব্য করেননি। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে যঈফ বলেছেন। (যঈফ আবূ দাউদ: ২৯৮)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92694

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন